অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/28/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 2050 সালের নিউ ইয়র্ক স্টেটের পরিবহনের বিস্তারিত পরিকল্পনার প্রস্তাব জনসাধারণের মূল্যায়নের জন্য প্রকাশ করার ঘোষণা করেন

পরিকল্পনাটি নিউ ইয়র্ক স্টেটে "কমিউনিটি-ভিত্তিক পরিবহনের" জন্য একটি দীর্ঘমেয়াদি দিকনির্দেশনা প্রদান করে

জনসাধারণকে পরিকল্পনা মূল্যায়ন করতে এবং জুলাই মাসের 8 তারিখে ভার্চুয়াল ফোরামে অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করা হয়েছে

মূল্যায়ন পরিকল্পনাটি এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ 2050 সালের নিউ ইয়র্ক স্টেটের পরিবহনের বিস্তারিত পরিকল্পনার খসড়া ঘোষণা করেছেন, যা আগামী দশকগুলোতে নিউ ইয়র্কের পরিবহন অবকাঠামোর উন্নয়নকে রূপরেখা প্রদান করবে, যা এখন জনসাধারণের মূল্যায়নের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation, NYSDOT), স্টেট জুড়ে পরিবহন এজেন্সিগুলোর সাথে সহযোগিতায়, এই ভবিষ্যৎ কেন্দ্রিক পরিকল্পনা তৈরি করেছে এবং এখন জনসাধারণের কাছ থেকে মতামত গ্রহণ করতে চাচ্ছে যেন এই গ্রীষ্মকালের শেষের দিকে পরিকল্পিত চূড়ান্ত দলিলটি সম্পন্ন করতে সাহায্য করতে পারে। জনসাধারণকে খসড়া পরিকল্পনাটি মূল্যায়ন করতে এবং 8 জুলাইয়ের জন্য পরিকল্পনা করা দুইটি ভার্চুয়াল পাবলিক ফোরামের একটিতে যোগদানের জন্য উৎসাহিত করা হচ্ছে।

"নিউ ইয়র্ক স্টেট 21শ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলা করতে আমাদের অবকাঠামো সংস্কার করার জন্য যুগান্তকারী বিনিয়োগ করছে এবং আমরা আগামী বছরগুলোতে এই গতীশীলতা বজায় রাখতে চাই," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমি সবাইকে এই বিস্তারিত পরিকল্পনার প্রস্তাবটি পড়ার এবং তাদের মতামত জানানোর জন্য উৎসাহিত করছি যাতে নিশ্চিত করতে পারি যে নিউ ইয়র্কবাসীগণ এমন একটি পরিবহন ব্যবস্থা পাবে যা শুধুমাত্র আজকের জন্য নয়, তাদের ভবিষ্যতের চাহিদাও পূরণ করবে।"

NYSDOT স্বীকার করে যে পরিবহন শুধুমাত্র অবকাঠামোর বিষয় নয় – এটি মানুষের, অবস্থান ও অভিজ্ঞতার বিষয়। প্রতিদিন, নিউ ইয়র্কের লক্ষ লক্ষ বাসিন্দা ও দর্শনার্থী কর্মসংস্থান, শিক্ষা,

স্বাস্থ্যসেবা ও বিনোদন পাওয়ার জন্য স্টেটের সড়ক, গণপরিবহন, বাইসাইকেল চালানোর পথ ও ফুটপাথের সংযোগের উপর নির্ভর করেন। নিউ ইয়র্কের মড়াসড়ক, রেলপথ, বিমানবন্দর ও সমুদ্র বন্দরগুলো গুরুত্বপূর্ণ পণ্য ও সামগ্রীর পরিবহনে সহায়তা করে এবং স্টেট ও বিশ্বের বিভিন্ন কমিউনিটিকে সংযুক্ত করে। পরিবহনের বিষয়ে নেওয়া আজকের সিদ্ধান্তগুলোর দীর্ঘস্থায়ী প্রভাব থাকবে।

একই সাথে, দ্রুত পরিবর্তন ঘটেছে এবং দ্রুত পর্যালোচনা করার জন্য নতুন চ্যালেঞ্জ ও বিষয় রয়েছে—যেমন ভ্রমণ করার ধরনে পরিবর্তন, নতুন প্রযুক্তির উন্নয়ন ও জলবায়ু পরিবর্তনের ফলে আরো প্রতিকূল আবহাওয়া। এর ফলে, আমাদের কমিউনিটিগুলোর ভবিষ্যতের পরিবহনের জন্য একটি সামগ্রিক দৃষ্টিভঙ্গি তৈরি করার দিকে আজ নির্দিষ্ট পরিবহণ প্রকল্পের বাইরে দেখার একটি গুরুত্বপূর্ণ প্রয়োজনীয়তা রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহনের বিস্তারিত পরিকল্পনার খসড়ায় 2050 সালের পূর্বাভাসের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেট জুড়ে "কমিউনিটি-ভিত্তিক পরিবহন"- এর জন্য একটি দূরদৃষ্টি তুলে ধরেছে। এটি সমৃদ্ধ কমিউনিটি, অর্থনৈতিক প্রবৃদ্ধি, পরিবেশগত স্থায়িত্ব ও অন্যান্য স্থানীয়ভাবে পরিচালিত লক্ষ্যগুলোকে লালন করার জন্য পরিকল্পিত নীতি ও অগ্রাধিকারগুলো নির্ধারণ করে। বিশেষ করে, এটি:

- নিউ ইয়র্কের বিদ্যমান পরিবহন ব্যবস্থা এবং এটি কীভাবে কাজ করে তা বর্ণনা করে;
- ভবিষ্যতে গুরুত্বপূর্ণ হতে পারে এমন উল্লেখযোগ্য পরিবর্তন ও সমস্যাগুলো নিয়ে আলোচনা করে;
- পরিবহনের লক্ষ্য, উদ্দেশ্য ও অগ্রগতি পর্যবেক্ষণের জন্য মূল্যায়নের মানদণ্ড নির্ধারণ করে; এবং
- নিউ ইয়র্ক স্টেটের বহুমুখী পরিবহন ব্যবস্থার জন্য কৌশলগত নিকনির্দেশনা, পরিকল্পনা ও অগ্রাধিকারমূলক পদক্ষেপগুলো চিহ্নিত করে

এই পরিকল্পনাটি স্টেটের সকল বাসিন্দা ও দর্শনার্থীদের পরিবহন চাহিদা পূরণ করার জন্য জনগণের মতামত অত্যন্ত গুরুত্বপূর্ণ। জনগণকে খসড়া নথিটি মূল্যায়ন করতে, প্রতিক্রিয়া জানাতে এবং ভবিষ্যতের অগ্রগতির জন্য নিবন্ধন করতে 2050 সালের নিউ ইয়র্ক স্টেটের পরিবহনের বিস্তারিত পরিকল্পনাটির ওয়েবসাইটটি ভিজিট করার জন্য উৎসাহিত করা হচ্ছে। ৪ জুলাই, মঙ্গলবার দুপুর 1 টা থেকে 2টা এবং সন্ধ্যা 6:30 থেকে 7:30 পর্যন্ত ভার্চুয়াল পাবলিক ফোরামে নিবন্ধন করার বিষয়ে ওয়েবসাইটে তথ্য পাওয়া যাবে।

NYSDOT স্টেটের সকল এলাকার সাথে সংযোগ স্থাপন করতে প্রতিশ্রুতিবদ্ধ, যার মধ্যে রয়েছে, উল্লেখযোগ্যভাবে সুবিধাবঞ্চিত কমিউনিটির সাথে যোগাযোগ করা এবং সকল বয়সী মানুষের অংশগ্রহণের জন্য সুযোগ প্রদান করা। যাদের সাহায্যের প্রয়োজন তারা যাতে প্রস্তাবিত পরিকল্পনাটিতে অ্যাক্সেস করতে পারে এবং ভার্চুয়াল পাবলিক ফোরামে যুক্ত হতে পারে তা নিশ্চিত করার জন্য, আবাসনের আবেদন করতে Colleen Smith-Lemmon (কলিন স্মিথ-লেমন) এর সাথে এই ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন: Colleen.Smith-Lemmon@dot.ny.gov।

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন বিভাগের কমিশনার Marie Therese Dominguez (ম্যারি থেরেস ডমিঙ্গেজ) বলেন, "নিউ ইয়র্কবাসীদের সেবা প্রদান করে এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, সহজলভ্য ও স্থিতিশীল পরিবহন ব্যবস্থা প্রদান করতে আমাদের লক্ষ্য বাস্তবায়ন করার জন্য, আমাদের ভবিষ্যৎ প্রজন্মের চাহিদাগুলো বিবেচনা করতে এবং সেগুলো সমাধান করার জন্য সক্রিয়ভাবে পরিকল্পনা করতে হবে। এই প্রস্তাবিত বিস্তারিত পরিকল্পনাটি সেই পরিকল্পনার একটি ধাপ এবং সফল হওয়ার জন্য আমাদের সকলের মতামতের প্রয়োজন। আমি সকলকে প্রস্তাবিত পরিকল্পনাটি পড়ার এবং আমাদেরকে মতামত দেওয়ার জন্য উৎসাহিত করছি যাতে আমরা সকল নিউ ইয়র্কবাসীদের জন্য একটি সম্পূর্ণ অ্যাক্সেসযোগ্য পরিবহন ব্যবস্থা তৈরি করার উদ্দেশ্য কাজ করতে পারি।"

স্টেট সিনেটর Jeremy Cooney (জেরেমি কুনি) বলেন, "পরিবহন হচ্ছে লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীর দৈনন্দিন জীবন যাপনের একটি অবিচ্ছেদ্য অংশ। কর্মক্ষেত্রে ও স্কুলে যাতায়াত থেকে শুরু করে স্বাস্থ্যসেবা ও প্রয়োজনীয় পরিষেবায় অ্যাক্সেস পাওয়া পর্যন্ত, সমৃদ্ধ, সক্রিয় কমিউনিটিসমূহ বজায় রাখার জন্য পরিবহন অত্যন্ত গুরুত্বপূর্ণ। গভর্নর Hochul (হোকল) এর প্রস্তাবিত পরিবহন পরিকল্পনা নিউ ইয়র্কে গতিশীলতার ভবিষ্যৎ মূল্যায়ন করার জন্য একটি সুযোগ প্রদান করে — উন্নত প্রযুক্তি, আধুনিক অবকাঠামো ও জলবায়ু পরিবর্তনের প্রস্তুতির উপর মনোনিবেশ করে। আমি পরিকল্পনাটির মূল্যায়ন করছি এবং সকল নিউ ইয়র্কবাসীকে পাবলিক ফোরামে যোগদান করার জন্য উৎসাহিত করছি এবং ভবিষ্যতে সকলকে সাহায্য করবে এমন কার্যকর পরিবহন ব্যবস্থা নিশ্চিত করতে সাহায্য করছি।"

অ্যাসেম্বলিমেম্বার William Magnarelli (উইলিয়াম মার্গনারেলি) বলেন, "নিউ ইয়র্ক স্টেটের জন্য 2050 সালের প্রস্তাবিত পরিবহন পরিকল্পনার খসড়া প্রকাশ করা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ, যেহেতু নিউ ইয়র্ক একটি নিরাপদ, দক্ষ, স্থিতিশীল ও আধুনিক পরিবহন ব্যবস্থা গড়ে তুলতে চায়। আমি প্রস্তবটি ও সুপারিশগুলো মূল্যায়ন করার জন্য অপেক্ষায় রয়েছি।"

পরিবহন দপ্তর সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট পরিবহন দপ্তরের লক্ষ্য হলো এমন একটি নিরাপদ, নির্ভরযোগ্য, সমতা-ভিত্তিক এবং স্থিতিস্থাপক পরিবহন ব্যবস্থা প্রদান করা যা কমিউনিটিগুলোকে সংযুক্ত করে, জীবনযাত্রার মান উন্নত করে, পরিবেশ রক্ষা করে এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক স্থীতিশীলতা নিশ্চিত করে।

এটি জীবনের প্রশ্ন; গতি ধীর করুন এবং হাইওয়ের কর্মীদের জন্য সরে যান!

আরো তথ্যের জন্য, আমাদের ফেসবুক (Facebook)-এ খুঁজুন, এক্স (X) বা ইনস্টাগ্রাম (Instagram)-এ আমাদের অনুসরণ করুন অথবা আমাদের ওয়েবসাইটভিজিট করুন। সর্বশেষ যাতায়াতের তথ্যের জন্য 511 এ ফোন করুন, www.511NY.org ভিজিট করুন বা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন